# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্বামত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঝড়-বৃষ্টির সময় আযানের বিশেষ শব্দ

ঝড়-বৃষ্টি বা অতিরিক্ত ঠান্ডার সময় মসজিদ আসতে কষ্ট হলে মুআযযিন আযানে নিম্নলিখিত শব্দ অতিরিক্ত বলব

‘হাইয়্যা আলাস স্বলাহ্’ ও ‘---ফালাহ্’র পরিবর্তে:-

**صَلُّوْا فِيْ بُيُوْتِكُمْ** (স্বল্লূ ফী বুয়ূতিকুম)। (বুখারী ৯০১, মুসলিম, সহীহ ৬৯৯নং)

অথবা**الصَّلَاةُ فِي الرِّحَالِ**(আসস্বলা-তু ফির্রিহাল)। (বুখারী ৬১৬নং)

অথবা যথানিয়মে আযান দেওয়ার শেষে:-

**أَلاَ صَلُّوْا فِي الرِّحَالِ**(আলা স্বল্লূ ফির্রিহাল)। (বুখারী ৬৩২, মুসলিম, সহীহ ৬৯৭নং)

অথবা **أَلاَ صَلُّوْا فِيْ رِحَالِكُمْ**(আলা স্বল্লূ ফী রিহা-লিকুম)। (বুখারী ৬৩২, মুসলিম, সহীহ ৬৯৭নং)

অথবা **ومَنْ قَعَدَ فَلاَ حَرَجَ** (অমান ক্বাআদা ফালাহারাজ)। (ইআশা:, বায়হাকী ১/৩৯৮, সিলসিলাহ সহীহাহ, আলবানী ২৬০৫নং)

এগুলোর অর্থ হল, ‘শোনো! তোমরা নিজ নিজ বাসায় নামায পড়ে নাও। জামাআতে হাজির না হলে কোন দোষ নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2812

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন